

পালমিন

ক্যাপসুল
প্রোস্টেট সুরক্ষাকারী

উপাদান :

প্রতি ক্যাপসুল এ আছে

স্য পালমেটো ১৬০ মিগ্রা:

ও অন্যান্য উপাদান

সূত্র : স্য পালমেটো, বাংলাদেশ জাতীয় ইউনানী ফর্মুলারী।

ইউনানী ঔষধ

বর্ণনা :

স্য পালমেটো ছোট আকৃতির পাম জাতীয় উদ্ভিদ; এর পাকা শুকনো ফল থেকে সংগৃহীত কার্যকর মাত্রার উপাদান ঔষধার্থে ব্যবহৃত হয়। এতে প্রধানতঃ ফ্যাটি অয়েল, ফাইটোস্টেরল যেমন, আইসোকইয়ারসেটিন, রোয়েফোলিন; পলিস্যাকারাইড যেমন, ইউরোনিক সহ গ্যালাক্টোঅ্যারাবেন ও মুক্ত ফ্যাটি এসিড থাকে। প্রোস্টেট গ্রন্থির বৃদ্ধি জনিত বিভিন্ন উপসর্গে স্য পালমেটো কার্যকর ভাবে ব্যবহৃত হয়ে আসছে।

রোগ নির্দেশ :

স্য পালমেটো নির্যাস নির্দোষ প্রোস্টেট গ্রন্থির বিবৃদ্ধি (ইবহরমহ চৎড়ৎঃধঃঃপ ট্রুটবৎঃধঃঃধঃ, ইচত্র) সবচাইতে ব্যবহৃত ভেষজ ঔষধ যা বয়স্ক লোকদের মধ্যে প্রায়ই দেখা যায়। ঘনঘন প্রস্রাব, বার বার মূত্রত্যাগের ইচ্ছা, বিছানায় মূত্রত্যাগ, বিলম্বে মূত্রারম্ভ ও দুর্বল মূত্রবেগ লক্ষণ বিশিষ্ট প্রাথমিক পর্যায়ের নির্দোষ প্রোস্টেট গ্রন্থির বিবৃদ্ধি। মূত্রাশয়ের ক্রিয়াবৈকল্য, মূত্র অধঃক্ষেপন ও অনায়েশ মূত্রাবেগ লক্ষণ যুক্ত দ্বিতীয় পর্যায়ের প্রোস্টেট গ্রন্থির বিবৃদ্ধি। পালমিন স্রাববিরোধী, এস্টোজেন বিরোধী ও প্রদাহনাশক।

ফার্মাকোলজী :

প্রানীতে পরীক্ষা করে দেখা গেছে স্য পালমেটো নির্যাস টিউমার কোষের বৃদ্ধি ব্যাহত করে, যা প্রোস্টেট ক্যানসারের উপর সম্ভাব্য কার্যকারিতা প্রমাণ করে। আরো কিছু গবেষণায় দেখা যায় যে, স্য পালমেটো মূত্রাশয়ের নির্দোষ প্রোস্টেট গ্রন্থির বিবৃদ্ধি সংক্রান্ত উপসর্গ দূর করে। এটা প্রতীয়মান হয়েছে যে স্য পালমেটো প্রোস্টেট গ্রন্থির সার্বিক আকার ছোট করে না বরং এটি প্রোস্টেট গ্রন্থির অন্ডত্বক সংকোচিত করে যা মূত্রবাহী নালিকাতে চাপের সৃষ্টি করে।

মাত্রা :

১ টি করে ক্যাপসুল দিনে ২ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুসারে সেব্য।

পার্শ্ব-প্রতিক্রিয়া :

পালমিন সাধারণত সু সহনীয়। তবে দীর্ঘকালীন ব্যবহারে পাকস্থলীর নানারূপ গোলযোগ দেখা দিতে পারে।

সতর্কতা ও প্রতিনির্দেশনা :

স্য পালমেটো ইস্ট্রোজেন, অ্যাব্রোজেন ও আলফা অ্যাডরেনার্জিক ক্ষরণে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। তাই হরমোন, হরমোনের মত ক্রিয়াশীল ও অ্যাডরেনার্জিক ঔষধের পাশাপাশি পালমিন ব্যবহারের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে।

পরিবেশনা :

১০x৩ ক্যাপসুলের বি-স্টার বক্স।

* আলো থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন।

সকল ঔষধ শিশুদের নাগালের বাহিরে রাখুন।

* অনুরোধে বিস্তারিত তথ্য সরবরাহ করা হয়।



নেপচুন ল্যাবরেটরীজ লিঃ
গাজীপুর-বাংলাদেশ